

Passport Seva Programme V2.00

January 07, 2022

পাসপোর্ট সেবা প্রোগ্রাম V2.00

জানুয়ারি 07, 2022

ভারতের পররাষ্ট্র মন্ত্রক পাসপোর্ট সেবা প্রোগ্রামের দ্বিতীয় দশায় (PSP-V2.0) পরিষেবা প্রদানের জন্য তাদের গুরুত্বপূর্ণ অংশীদার টাটা কনসালটেন্সি সার্ভিস লিমিটেডের সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে।

PSP-v2.0 হচ্ছে PSP-V1.0 এর ধারাবাহিক ও পরিবর্ধিত ই গভর্ন্যান্স ইম্প্রুভমেন্ট যা নাগরিকদের পাসপোর্ট সংক্রান্ত পরিষেবা প্রদানের জন্য একটি যুগান্তকারী পরিবর্তন। এর লক্ষ্য হচ্ছে সমায়ুনাযায়ী, স্বচ্ছ, সুগম এবং নির্ভরযোগ্য একটি প্ল্যাটফর্ম যা নাগরিকরা আরামজনক পরিবেশে থেকে অঙ্গীকারবদ্ধ, প্রশিক্ষিত এবং উদ্যোগী কর্মীদের মাধ্যমে অবাধে নাগাল পেতে পারে। এই প্রকল্পের নকশা নাগরিক ইন্টারফেস, প্রযুক্তিগত কাঠামো, কলসেন্টার, প্রশিক্ষণ এবং পরিবর্তিত ম্যানেজমেন্ট ইত্যাদি পরিষেবা প্রদানকারী সংস্থা প্রদান করবে এবং পাসপোর্ট ইস্যু করার ক্ষেত্রে সরকার তার সার্বভৌম এবং নিরাপত্তাজনিত কার্যাবলী পালন করে যাবে।

সমগ্র দেশে জনসেবা প্রদানকারী অফিসের সংখ্যা বাড়ানো হয়েছে। পররাষ্ট্র মন্ত্রক প্রত্যেকটি লোকসভা কেন্দ্র যেখানে পাসপোর্ট সেবা কেন্দ্র (PSK) বা পোস্টঅফিস সেবা কেন্দ্র (POPSK) নেই সেখানে একটি সেবাকেন্দ্র খোলার জন্য কাজ করে চলেছে। এখনও পর্যন্ত 93টি PSK এবং 428টি POPSK এবং 36টি পাসপোর্ট অফিস কাজ করছে। সম্প্রতি প্রবাসী ভারতীয় নাগরিকদের জন্য পাসপোর্ট পরিষেবা সুগম করতে গ্লোবাল পাসপোর্ট সেবা প্রোগ্রামের (GPSP) মাধ্যমে 176টি ভারতীয় মিশন / পোস্টকে যুক্ত করা হয়েছে।

PSV-2.0 মূল উপাদানগুলি হোল একটি স্টেট অফ আর্ট ডিজিটাল বাস্তবতা গঠন করা যা বিভিন্ন অংশীদারদের ও ডাটাবেসকে উপরে টেনে তুলবে ও তাদের মধ্যে সংযুক্তিকরণ ঘটাবে, নাগরিক ইন্টারফেসের উন্নতিকরণ, প্রযুক্তিগত উন্নয়ন, সবচেয়ে ভাল অভ্যাস গ্রহণ করা এবং তথ্য নিরাপত্তা শক্তিশালী করা। সুপরিষ্কৃত সম্পদ যেমন ডেটাসেন্টার, এবং অ্যানালিসিস সফটওয়্যার সহ নিরাপত্তার ক্ষেত্রটি সরকারের মালিকানাধীন থাকবে। পুরো সিস্টেম জুড়ে নাগাল পাওয়ার ক্ষেত্রে কড়া নিয়ন্ত্রণ থাকবে, বিশেষ করে বায়োমেট্রিকের ক্ষেত্রে। ডিজিটাল ফ্রন্ট, প্রোগ্রামটি একটি ডেটা সেন্টার, বিপর্যয় পুনরুদ্ধার কেন্দ্র এবং সরকারী সুরক্ষিত ভাণ্ডারকে পরিকল্পিত করে যা সমস্ত PSKs/POPSK, পাসপোর্ট অফিসগুলিতে এবং এছাড়াও ভারতীয় মিশন/পোস্টগুলিতে নেটওয়ার্ক দ্বারা যুক্ত থাকে, পাসপোর্ট প্রদান করার ইকোসিস্টেম জুড়ে পাসপোর্ট প্রক্রিয়াকরণের জন্য একটি ইলেকট্রনিক ফাইল সিস্টেম, এবং অত্যাধুনিক নেটওয়ার্ক অপারেশন সেন্টার (এনওসি) এবং সিকিউরিটি অপারেশন সেন্টার (এসওসি) এর মাধ্যমে 24x7x365 পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করে।

তথ্য প্রযুক্তি এবং ডিজিটাল মিডিয়ার মাধ্যমে সরকার থেকে নাগরিক (G2C) পরিষেবার গুণমান এবং সুশাসনের মন্ত্রকে ত্রুমাগত উন্নত করার প্রয়োজনীয়তাকে স্বীকৃতি দিয়ে, পাসপোর্ট সেবা প্রোগ্রাম, বায়োমেট্রিক্স, কৃত্রিম বুদ্ধিমত্তা, অ্যাডভান্স ডেটা অ্যানালিটিকস, চ্যাট-বট, অটো-প্রতিক্রিয়া, প্রাকৃতিক ভাষা প্রক্রিয়াকরণ, ক্লাউড সক্ষমতা ব্যবহার করে প্রযুক্তির আপগ্রেডের কাজ শুরু করবে। উন্নত গ্রাহক সন্তুষ্টি, বর্ধিত নিরাপত্তা এবং পরবর্তী স্তরের নাগরিক অভিজ্ঞতার জন্য ই-পাসপোর্ট প্রদান করাকেও আপগ্রেড করা PSP-V 2.0-এ উল্লোচন করা হবে। পাসপোর্ট সেবা কার্যক্রম একটি নাগরিক কেন্দ্রিক ই-গভর্নেন্স প্ল্যাটফর্ম। প্রতিক্রিয়াশীল, যত্নশীল, বিবেচ্য এবং স্বচ্ছ হওয়ার গুণাবলী পাসপোর্ট সেবা কর্মসূচির নির্দেশক নীতি হয়ে থাকবে।

নিউ দিল্লি

জানুয়ারি 07, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.